

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৬০৬

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০৩. জুমু'আর সালাতের কিরাআত

بَابُ الْقِرَاءَةِ فِي صَلَاةِ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ الْمُنتَشِرِ عَنْ أَبِيهِ عَنْ حَبِيبِ بْنِ سَالِمٍ عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ قَالَ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي الْعِيدَيْنِ وَالْجُمُعَةِ بِسَبْحِ اسْمِ رَبِّكَ الْأَعْلَى وَهَلْ أَتَاكَ حَدِيثُ الْغَاشِيَةِ وَرُبَّمَا اجْتَمَعَا فَقَرَأَ بِهِمَا

বাংলা

১৬০৬. নুমান ইবন বাশীর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দু' ঈদে এবং জুমু'আর সালাতে [“সাব্বি হিসমা রব্বিকাল আ'লা”-(সূরা আ'লা:১)] এবং [“হাল আতাকা হাদীছুল গশিয়াহ।”] (সূরা গশিয়াহ: ১) পাঠ করতেন। রাবী বলেন, ঈদ ও জুমু-আ একই দিনে একত্রিত হয়ে পড়লে উক্ত সূরা দু-টি উভয় সালাতে পাঠ করতেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম, জুমু'আহ ৮৭৮ (৬৩); সহীহ ইবনু খুযাইমা নং ১৮৪৫; পূর্ণ তাখরীজের জন্য সহীহ ইবনু হিব্বান নং ২৮০৭, ২৮২০, ২৮২১ দেখুন।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ নু'মান ইবনু বাশীর (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81889>